দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 NOV 1997
পৃষ্ঠা ৩ কলাম ২

৪৭

# সরকারী কলেজ শিক্ষক পরিষদের দাবি মেনে নেয়ার আহ্বান

শনিবার বিকালে ঢাকায় সরকারী শহীদ সোহরাওয়ার্দী কলেজে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কমিটির এক সভা পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা আত্মীকরণ বিধিমালা '৮৫ বাস্তবায়নে সুপ্রীম কোর্টের রায় অনতিবিলম্বে এসআরও করে কার্যকর করার জন্য সরকারের নিকট জোর দাবি জানান। সুপ্রীম কোর্টের রায় বাস্তবায়ন না করে আত্মীকৃত শিক্ষকদের স্বার্থবিরোধী নতুন কোন বিধিমালা প্রণয়ন আদালত অবমাননারই শামিল বলে বক্তারা এ ধরনের নতুন বিধান প্রণয়নের উদ্যোগ গ্রহণ করায় ক্ষোভ প্রকাশ করেন।

সভায় প্রভাষকদের ইফেকটিভ সার্ভিসসহ ৪ বছর পূর্তিতে ৪১০০/- টাকার উচ্চতর স্কেল প্রদান, এনাম কমিটি স্ট্যাফিং প্যাটার্ন অনুযায়ী কলেজগুলোতে নতুন পদ সৃষ্টি ও অস্থায়ী পদসমূহ স্থায়ীকরণসহ পরিষদের ১১ দফা অবিলম্বে মেনে নেয়ার জন্য সরকারের নিকট আহ্বান জানানো হয়। আসন্ন ইউপি নির্বাচন ও রমজানের কারণে পরিষদের দ্বি-বার্ষিক কাউন্সিল অধিবেশন ও কেন্দ্রীয় নির্বাহী কমিটির নির্বাচন পিছিয়ে '৯৮ সালের মার্চের দ্বিতীয় সপ্তাহে নির্ধারণ করা হয়। সাংগঠনিক তৎপরতা বৃদ্ধি করার লক্ষ্যে ১৫ সদস্যের একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।